

**জেলা ইনোভেশন টিমের জুন ২০২২ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী  
সভার তারিখ : ১৯ জুন ২০২২ খ্রিস্টাব্দ  
সভার সময় : বেলা ১২.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী এবং সভাপতি জেলা ইনোভেশন টিম কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সদস্যদের পরিচয় পর্ব শেষে সভাপতি কর্তৃক জেলার ইনোভেশন কার্যক্রম বিষয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তর হতে ইনোভেশন প্রস্তাব গ্রহণ	সভাপতি সভার সদস্যদের পূর্বের ন্যায় অবহিত করেন যে, বিভিন্ন দপ্তর তাদের কার্যক্রমকে সহজ করার লক্ষ্যে প্রতিনিয়ত নতুন নতুন উদ্ভাবন করে চলেছে। প্রতিমাসের উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের নিজ নিজ দপ্তরের উদ্ভাবন সম্পর্কিত তথ্য এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়ে থাকে।	উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের গৃহীত উদ্ভাবনী কার্যক্রম এ কার্যালয়কে অবহিতকরণের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।	জেলা ইনোভেশন টিম, রাজশাহী
২.	বিভাগীয় শহরে ইনোভেশন শোকেসিং	সভাপতি সভাকে জানান যে, আগামী ২২-২৩ জুন ২০২২ তারিখ রাজশাহী কলেজ অডিটোরিয়ামে বিভাগীয় কমিশনার, রাজশাহী মহোদয়ের নেতৃত্বে বিভাগীয় শহরে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হবে। উক্ত শোকেসিং এ প্রদর্শনীর জন্য রাজশাহী জেলা হতে প্রেরিত ০৫টি সেরা উদ্যোগের মধ্য হতে (১) রাজশাহী কলেজ-এর Student Capital Enrichment using ICT at Rajshahi College (২) রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী এর নিরাপদ রাজশাহী মহানগর নির্মাণে অপারেশন কন্ট্রোল এন্ড সেন্টার গঠন এবং (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, তানোর, রাজশাহী এর বালাইনাশক সহায়িকা উদ্যোগগুলো মনোনীত হয়েছে।	আগামী ২২-২৩ জুন ২০২২ তারিখে অনুষ্ঠেয় বিভাগীয় শহরে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠানে সকলকে তাদের পরিবার পরিজন, বন্ধু-বান্ধবসহ উপস্থিত থাকার অনুরোধ জানানো হলো।	সকল সদস্য, জেলা ইনোভেশন টিম, রাজশাহী
৩.	রাজশাহী কলেজ	রাজশাহী কলেজ এর প্রতিনিধি বলেন যে, বৈশ্বিক মহামারীর কারণে কর্মক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের মাঝে মানসিক বিষণ্ণতা, কর্মবিমুখতা, শৈথিল্য বা কর্মস্পৃহা হ্রাস ইত্যাদি অবস্থা পরিলক্ষিত হচ্ছে। রাজশাহী কলেজ তার শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সুরক্ষায় সহায়তা প্রদানসহ বিভিন্ন সচেতনতামূলক উদ্যোগ গ্রহণ করে সুফল লাভ করেছে।	করোনা মহামারীর কারণে সকল ক্ষেত্রেই বিষণ্ণতা, কর্মবিমুখতা পরিলক্ষিত হচ্ছে। সকলকে এই পরিস্থিতি হতে বের হবার জন্য সচেতন হতে হবে মর্মে সভাপতি অনুরোধ জানান।	জেলা ইনোভেশন টিম, রাজশাহী
৪.	আঞ্চলিক কৃষি তথ্য সার্ভিস	আঞ্চলিক কৃষি তথ্য অফিসার বলেন যে, কৃষি তথ্য সহজলভ্য ও দ্রুত করতে ব্যবহৃত হচ্ছে বিভিন্ন ধরনের অ্যাপস, যেমন: কৃষকের জানালা, কৃষকের ডিজিটাল ঠিকানা, বালাইনাশক নির্দেশিকা, কৃষিকথা ইত্যাদি। এছাড়া সরকারী কৃষি কল সেন্টার (১৬১২৩), ওয়েব সাইট, ফেসবুক (ais rajshahi rajshahi এবং কৃষি	ইনোভেটিভ কার্যক্রম চলমান রাখতে সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ জানানো হয়।	আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, রাজশাহী

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.	আঞ্চলিক কৃষি তথ্য সার্ভিস	তথ্য সার্ভিস রাজশাহী (ঠিকানা), ইউটিউব এসব। অতি সম্প্রতি কৃষকভাইদের সুবিধার্থে রাজশাহীতে একটি কমিউনিটি রেডিও স্থাপন করা হবে, ইতিমধ্যে এজন্য ঠিকাদার প্রতিষ্ঠান হতে সাইট ভিজিট করা হয়েছে। এছাড়া সদর দপ্তরে একটি 'কৃষক টেলিভিশন' নামে একটি স্বতন্ত্র টেলিভিশন চ্যানেল-এর কার্যক্রম শুরু করার ব্যবস্থা করা হচ্ছে। টেলিভিশনটি বাংলাদেশের গর্ব বজাবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে পরিচালিত হবে। আঞ্চলিক পর্যায়েও রেকডিং এবং অনুষ্ঠান ধারণের জন্য মিনি স্টুডিও হওয়ার প্রস্তাবনা রয়েছে। ফলে কৃষি কার্যক্রম আরও বেগবান হবে।		

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জয়া মারিয়া পেরেরা)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
রাজশাহী

ও

সভাপতি, জেলা ইনোভেশন টিম, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী  
(আইসিটি শাখা)

নম্বর : ০৫.৪৩.৮১০০.০৩৪.০১.০২২.২২. ৭৮(১২)

তারিখ : ২৫ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ  
২৯ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
৩. সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য
৫. -----

ও সদস্য, জেলা ইনোভেশন টিম, রাজশাহী

৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী  
(কার্যবিবরণীটি পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

(সঞ্জয় দাস)

সহকারী কমিশনার  
আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী